

া সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৫৬৮

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৫৩. নারীদের মসজিদে যাতায়াত সম্পর্কে

باب مَا جَاءَ فِي خُرُوجِ النِّسَاءِ إِلَى الْمَسْجِدِ

আরবী

حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا جَرِيرٌ، وَأَبُو مُعَاوِيَةَ عَنِ الْأَعْمَشِ، عَنْ مُجَاهِدٍ، قَالَ قَالَ عَبْدُ اللهِ بْنُ عُمَرَ قَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم " انْذَنُوا لِلنِّسَاءِ إِلَى الْمَسَاجِدِ قَالَ عَبْدُ اللهِ بْنُ عُمَرَ قَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم " انْذَنُوا لِلنِّسَاءِ إِلَى الْمَسَاجِدِ بِاللَّيْلِ ". فَقَالَ ابْنُ لَهُ وَاللهِ لَا نَأْذَنُ لَهُنَّ فَيَتَّخِذْنَهُ دَغَلاً وَاللهِ لَا نَأْذَنُ لَهُنَّ . قَالَ فَسَبَّهُ وَغَضِبَ وَقَالَ أَقُولُ لَهُنَّ ". وَتَقُولُ لَا نَأْذَنُ لَهُنَّ ". وَتَقُولُ لَا نَذُنُ لَهُنَّ ". وَتَقُولُ لَا نَذُنُ لَهُنَّ ". وَتَقُولُ لَا اللهِ عليه وسلم " انْذَنُوا لَهُنَّ ". وَتَقُولُ لَا نَأْذَنُ لَهُنَّ

صحيح: ق

বাংলা

৬ে৮। 'আব্দুল্লাহ ইবনু 'উমার (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা মহিলাদেরকে রাতের বেলা মসজিদে যেতে অনুমতি দাও। তখন তার এক ছেলে (বিলাল) বলল, আল্লাহর শপথ! আমি তাদেরকে (রাতের বেলা মসজিদে যেতে) অনুমতি দিব না। এটাকে তারা বাহানা হিসেবে গ্রহণ করবে। আল্লাহর শপথ! আমি কখনো তাদেরকে অনুমতি দিব না। বর্ণনাকারী বলেন, একথা শুনে 'আব্দুল্লাহ ইবনু 'উমার (রাঃ) তাকে গালমন্দ করেন এবং ক্রোধান্বিত হয়ে বলেন, আমি তোমাকে বলছি, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, তোমরা মহিলাদের অনুমতি দাও, আর তুমি কিনা বলছ, আমি তাদেরকে অনুমতি দিব না।[1]

সহীহ : বুখারী ও মুসলিম।

English

'Abd Allah b. 'Umar reported the prophet (ﷺ) as saying; Allow women to



visit the mosque at night. A son of his (Bilal) said; I swear by Allah, we shall certainly not allow them because they will defraud. I swear by Allah, we shall not allow them. He (Ibn 'Umar) abused him and became angry at him and said:

I tell you that the Messenger of Allah (May peace be upon him) said: Allow them; yet you say; we shall not allow them.

ফুটনোট

[1] বুখারী (অধ্যায়ঃ জুমু'আহ, অনুঃ মহিলাদেরকে রাতে সালাতের জন্য মসজিদে যেতে অনুমতি দিবে, হাঃ ৮৯৯), মুসলিম (অধ্যায়ঃ সালাত, অনুঃ মহিলাদের মসজিদে গমন) মুজাহিদ সূত্রে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন